

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.৩৪১—আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা প্রতিষ্ঠান ‘পিপলস অ্যান্ড পলিটিক্স’ কর্তৃক সম্প্রতি প্রকাশিত গবেষণায় বিশ্বের সৎ রাষ্ট্র- ও সরকার-প্রধানগণের তালিকা প্রকাশ করা হয়। গবেষণালব্ধ তালিকায় ১৭৩জন রাষ্ট্র- ও সরকার-প্রধানের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃতীয় স্থানে অন্তর্ভুক্ত হয়েছেন।

২। অপরদিকে, উক্ত প্রতিষ্ঠানের অপর এক গবেষণায় বিশ্বসেরা পাঁচজন কর্মঠ এবং পরিশ্রমী রাষ্ট্র ও সরকার-প্রধানের তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চতুর্থ স্থানে রয়েছেন।

৩। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা প্রতিষ্ঠান ‘পিপলস অ্যান্ড পলিটিক্স’ কর্তৃক প্রকাশিত গবেষণায় বিশ্বের সৎ রাষ্ট্র- ও সরকার-প্রধানগণের তালিকায় তৃতীয় এবং কর্মঠ ও পরিশ্রমী রাষ্ট্র- ও সরকার-প্রধানগণের তালিকায় চতুর্থ স্থান অর্জনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ অগ্রহায়ণ ১৪২৪/২৭ নভেম্বর ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(১৭৩৮৩)

মূল্য : ৪.০০ টাকা

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৩ অগ্রহায়ণ ১৪২৪
ঢাকা: ২৭ নভেম্বর ২০১৭

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা প্রতিষ্ঠান ‘পিপলস অ্যান্ড পলিটিক্স’ কর্তৃক সম্প্রতি প্রকাশিত গবেষণায় বিশ্বের সৎ রাষ্ট্র- ও সরকার-প্রধানগণের তালিকা প্রকাশ করা হয়। বর্তমান বিশ্বে সৎ রাষ্ট্রনায়ক অন্বেষণের প্রয়াসে প্রতিষ্ঠানটি ১৭৩টি দেশের রাষ্ট্র- ও সরকার-প্রধানের ওপর পাঁচটি নির্ণায়কের ভিত্তিতে গবেষণা পরিচালনা করে। নির্ণায়কগুলো হচ্ছে — (১) রাষ্ট্র কিংবা সরকার-প্রধান হওয়ার পর বিদেশে কোন ব্যাংক অ্যাকাউন্ট খোলা হয়েছে কি না, (২) ক্ষমতাসীন হওয়ার পর ব্যক্তিগত সম্পদ বৃদ্ধির পরিমাণ, (৩) পুঞ্জীভূত গোপন সম্পদ, (৪) সুনির্দিষ্ট দুর্নীতির অভিযোগ এবং (৫) সততার বিষয়ে গণ-উপলব্ধি। গবেষণালব্ধ তালিকায় ১৭৩জন রাষ্ট্র- ও সরকার-প্রধানের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃতীয় স্থানে অন্তর্ভুক্ত হয়েছেন। এই তালিকার শীর্ষ পাঁচজন হলেন — প্রথম, জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলার মারকেল; দ্বিতীয়, সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুং; তৃতীয়, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা; চতুর্থ, নরওয়ের প্রধানমন্ত্রী এরনা সোলবার্গ; এবং পঞ্চম, ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি। গবেষণায় প্রকাশিত হয় যে শেখ হাসিনার বাংলাদেশের বাইরে কোনও ব্যাংক অ্যাকাউন্ট নেই; বেতন ছাড়া তাঁর সম্পদের স্থিতিতে কোনও সংযুক্তি নেই; তাঁর কোনও গোপন সম্পদ নেই; এবং বাংলাদেশের অধিকাংশ মানুষ তাঁকে সৎ এবং ব্যক্তিগত লোভ-লালসার উর্ধ্বস্থিত একজন রাষ্ট্রনায়ক মনে করেন।

অপরদিকে, উক্ত প্রতিষ্ঠানের অপর এক গবেষণায় বিশ্বসেরা পাঁচজন কর্মঠ এবং পরিশ্রমী রাষ্ট্র- ও সরকার-প্রধানের তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চতুর্থ স্থান পেয়েছেন। রাষ্ট্র- ও সরকার-প্রধানগণ যৌর কঠোর পরিশ্রমের মাধ্যমে দেশে দৃশ্যমান উন্নতি করেছেন, ১০টি নির্ণায়কের ভিত্তিতে তাঁদের কর্মপর্যালোচনায় এই মূল্যায়ন করা হয়েছে। এই তালিকা অনুসারে বিশ্বের সর্বাধিক পরিশ্রমী রাষ্ট্রপ্রধান হলেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং; দ্বিতীয় অবস্থানে রয়েছেন ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি; তৃতীয় হলেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান; চতুর্থ অবস্থানে আছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং পঞ্চম স্থানে রয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গবেষণার সমীক্ষায় নির্ণায়কের ভিত্তিতে প্রকাশিত হয় যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দৈনিক ১২ থেকে ১৪ ঘণ্টা এবং সাপ্তাহিক দু’দিন ছুটিতেও ৪ থেকে ৫ ঘণ্টা করে কাজ করেন। তিনি দিনে গড়ে ২৫ থেকে ৩০টি সিদ্ধান্ত নেন।

বিশ্বের সৎ রাষ্ট্র- ও সরকার-প্রধানগণের তালিকায় শীর্ষ পাঁচজনের মধ্যে তৃতীয় স্থানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অন্তর্ভুক্তি স্বীয় ভাবমূর্তিসহ তাঁর দুর্নীতিবিরোধী কঠোর অবস্থানকে আরও মহিমান্বিত করে তুলেছে। দেশের অর্থনৈতিক, সামাজিক সূচকে বাংলাদেশের উর্ধ্বগামী অবস্থান এবং তৎপরপ্রেক্ষিতে বিশ্বপরিমন্ডলে বাংলাদেশের সমুন্নত ভাবমূর্তির উত্তাস মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরলস ও কর্মঠ জীবনচরণ, জনগণের ভাগ্যোন্নয়নে তাঁর আত্মনিয়োজন, নির্মোহ ত্যাগ ও তিতিক্ষা, গভীর দেশপ্রেম এবং রাষ্ট্রকে উন্নত বিশ্বের মর্যাদায় সমাসীন করার দৃঢ় প্রত্যয় প্রতিভাত করে।

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা প্রতিষ্ঠান ‘পিপলস অ্যান্ড পলিটিক্স’ কর্তৃক প্রকাশিত গবেষণায় বিশ্বের সৎ রাষ্ট্র- ও সরকার-প্রধানগণের তালিকায় তৃতীয় এবং কর্মঠ ও পরিশ্রমী রাষ্ট্র- ও সরকার-প্রধানগণের তালিকায় চতুর্থ স্থান অর্জনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd